

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.২৩.১৪২

তারিখ: ১ জ্যৈষ্ঠ ১৪৩০

১৫ মে ২০২৩

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

১। সর্বশেষ আবহাওয়া পরিস্থিতি

সমুদ্র বন্দরসমূহ, উত্তর বঙ্গোপসাগর ও বাংলাদেশের উপকূলীয় এলাকায় ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনা নেই। চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে সংকেত নামিয়ে ফেলতে বলা হয়েছে। আজ (১৫ মে ২০২৩) সন্ধ্যা পর্যন্ত সকল মাছ ধরার নৌকা ও ট্রলারকে উপকূলের কাছাকাছি থেকে সাবধানে চলাচল করতে বলা হয়েছে।

২। আজ ১৫ মে, ২০২৩ খ্রিঃ তারিখ সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার, ঢাকা, ময়মনসিংহ এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘণ্টায় ৪৫-৬০ কি.মি. বেগে অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এসব এলাকায় নদীবন্দর সমূহকে ০১ (এক) নম্বর (পুনঃ) ০১ (এক) নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

৩। আজ ১৪ মে, ২০২৩ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টার আবহাওয়ার পূর্বাভাস:

সিনপটিক অবস্থা: অতি প্রবল ঘূর্ণিঝড় “মোখা” গতকাল সন্ধ্যায় কক্সবাজার-মায়ানমার উপকূল অতিক্রম সম্পন্ন করেছে এবং উত্তর-উত্তরপূর্ব দিকে অগ্রসর হয়ে আজ (১৫ মে ২০২৩) দুর্বল হয়ে গভীর নিম্নচাপে পরিণত হয়েছে। এটি আরও উত্তর-উত্তরপূর্ব দিকে অগ্রসর ও দুর্বল হয়ে লঘুচাপে পরিণত হয়ে গুরুত্বহীন হয়ে পড়বে।

পূর্বাভাস: ময়মনসিংহ ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং রংপুর ও চট্টগ্রাম বিভাগের দু’এক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি গতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে।

তাপ প্রবাহ: রংপুর বিভাগসহ রাজশাহী, নওগাঁ ও চুয়াডাঙ্গা জেলাসমূহের উপর দিয়ে মৃদু তাপ প্রবাহ বয়ে যাচ্ছে এবং তা প্রশমিত হতে পারে।

তাপমাত্রা: সারাদেশে দিন ও রাতের তাপমাত্রা (১-২) ডিগ্রী সে. বৃদ্ধি পেতে পারে।

পরবর্তী ৭২ ঘণ্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): বৃষ্টিপাতের প্রবণতা বৃদ্ধি পেতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

| বিভাগের নাম | ঢাকা | রাজশাহী | রংপুর | ময়মনসিংহ | সিলেট | চট্টগ্রাম | খুলনা | বরিশাল |
|---------------------|------|---------|-------|-----------|-------|-----------|-------|--------|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৪.০ | ৩৬.৫ | ৩৭.৫ | ৩১.৫ | ৩০.৪ | ৩০.৭ | ৩৭.০ | ২৯.৭ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২০.৫ | ২১.৮ | ২২.০ | ২১.৪ | ২১.৭ | ২০.৪ | ২২.০ | ২০.৩ |

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ডিমলা ৩৭.৫° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা বরিশাল ২০.৩° সেঃ।

(তথ্যসূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।

৪। অগ্নিকান্ড সম্পর্কিত তথ্যঃ

(ক) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ১৩ মে,

২০২৩ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ১৪ মে, ২০২৩ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ৩৩ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগ ভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরূপ:

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---------|-------------|---------------------|--------------|---------------|
| ১। | ঢাকা | ৮ | ০ | ০ |
| ২। | ময়মনসিংহ | ৭ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ১ | ০ | ০ |
| ৪। | সিলেট | ২ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ৪ | ০ | ০ |
| ৬। | চট্টগ্রাম | ৪ | ১ | ১ |
| ৭। | খুলনা | ৪ | ০ | ০ |
| ৮। | রংপুর | ২ | ১ | ০ |
| | মোট | ৩২ | ২ | ১ |

১৫-৫-২০২৩

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.২৩.১৪২/১(১৭২)

তারিখ: ১ জ্যৈষ্ঠ ১৪৩০
১৫ মে ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৪) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৫) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৬) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৯) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১০) জেলা প্রশাসক (সকল)
- ১১) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ১২) প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১৩) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা(সকল)
- ১৪) সহকারী পরিচালক, যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

১৫-৫-২০২৩

কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা